সংবাদ

তারিখ OCT. 01.2006
পৃষ্ঠা ১২ কলাম ৭

## রাবিতে ফের নিয়োগ বাণিজ্য

# বিএনপি-জামায়াতের নেতাকর্মী শিক্ষকদের মধ্যে ২শ' পদ ভাগাভা

জাহাঙ্গীর আলম আকাশ, রাজশাহী

বিএনপি-জামায়াত জোট সরকারের শেষ মুহূর্তে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) শুরু হয়েছে গণহারে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ। প্রথম পর্বে সহায়ক ও সাধারণ কর্মচারী নিয়োগের নামে জামায়াত, বিএনপি ও শিবির ক্যাডার নিয়োগ শুরু হলেও হাইকোর্টের এক নিষেধাজ্ঞায় তা বন্ধ হয়ে আছে। তবে শিক্ষক নিয়োগ বেপরোয়া হারেই চলছে। আগামী ৩ অক্টোবর থেকে শুরু হচ্ছে কর্মকর্তা গণনিয়োগ। এসব নিয়োগে দলীয় সুবিধা নিশ্চিত করার জন্য গতকাল শনিবার বিকেলে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় কয়েকটি নির্বাচনী বোর্ড পুনর্গঠন করা হয়েছে।

দলীয় নেতাকর্মী, ক্যাডার, জোট স
শিক্ষকদের ছেলেমেয়ে, জামাতা, শ্যা
শ্যালিকাদের নিয়োগ দেয়ার জন্যই
১০০ শিক্ষক ও প্রায় ১০০ কর্মকর্তা
নিয়োগের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ
প্রক্রিয়া সম্পন্ন করেছে বলে অভি
উঠেছে। অভিযোগ মতে, সরকারের ম
হস্তান্তরের আগেই আগামী ১৫ অক্টো
মধ্যে ২০০ পদে নিয়োগ চূড়ান্ত করা হবে

প্রশাসন সংশ্লিষ্ট একটি সূত্রে জানা
সহায়ক ও সাধারণ কর্মচারী নি
নিষেধাজ্ঞা জারির পরপরই দৈনিক
ভিত্তিতে নিয়োজিত ৫৪৪ সিরিজের
তাদের নিয়োগ স্থায়ী করার আগে
ধরনের নিয়োগ হতে দেবে না বলে

ভাগাভাগি : পৃ: ১১ ক: ৭

## ভাগাভাগি : ২শ' পদ

(১২ পৃষ্ঠার পর)

দেয়। কিন্তু গত দু'সপ্তাহে কিছু প্রভাবশালী জোটপন্থি শিক্ষকের সঙ্গে তাদের কয়েক দফা বৈঠকের পর অজ্ঞাত কারণে তারা নীরব রয়েছেন।

সূত্র জানায়, আগামী ৩ অক্টোবর থেকে শুরু হতে যাওয়া কর্মকর্তাদের প্রায় ৪০টি পদে নিয়োগ প্রার্থীদের মধ্যে জোট সমর্থক 'হেভিওয়েট' শিক্ষকদের ছেলেমেয়ে, জামাতা, শ্যালক-শ্যালিকা এবং সরকারিদলের এক প্রভাবশালী নেতার এলাকার প্রার্থী ছাড়াও বেশ কিছু নিয়োগ বাণিজ্যের প্রার্থী আছেন। কাজেই এসব প্রার্থীর নিয়োগ নিশ্চিত করার জন্যই যে কোনভাবে প্রতিবাদ বা বিরোধিতাকে নানা কৌশলে ম্যানেজ করা হয়েছে। এসব নিয়োগের মধ্যে বিজ্ঞাপিত সেকশন অফিসার পদগুলোর একটা বড় অংশ যাবে অধ্যাপক আবদুল হামিদ, অধ্যাপক সাদেকুল ইসলাম, অধ্যাপক আব্বাস আলী ও অধ্যাপক আবদুল হাই তালুকদারের মতো শিক্ষকদের ছেলেদের জন্য।

এছাড়াও প্রাণিবিদ্যা বিভাগের ডেপুটি কিউরেটর পদটি জামায়াত-বিএনপিপন্থি সাদাদলের আহ্বায়ক অধ্যাপক আবদুস সালামের শ্যালিকার জন্য সংরক্ষিতই আছে বলে সূত্র জানায়। ফিজিক্যাল ইনস্ট্রাক্টরের পদগুলোর মধ্যে কয়েকটি যাবে দেলোয়ার ও বিপ্লবসহ 'হেভিওয়েট' ছাত্রদল ক্যাডারের জন্য। এক্ষেত্রে বর্তমানে প্রভাবশালী 'সিএনজি'খ্যাত চাঁপাইনবাবগঞ্জ গ্রুপের তুখোড় নেত্রী টুকটুকিও দু'তিনটি পদের ভাগ পাবেন বলে শোনা যাচ্ছে।

কর্মকর্তাদের অন্য পদগুলোতে বিভিন্ন প্রভাবশালী শিক্ষকদের আত্মীয়-স্বজনরাই আসবেন বলে জানা গেছে। জনসংযোগ কর্মকর্তা পদে আসছে অপসারিত উপাচার্য 'ফারুকী'র আশীর্বাদপুষ্ট 'চিকনা আনিস'খ্যাত শিবির ক্যাডার।

শিক্ষক পদগুলোতে থাকবে জামায়াত-শিবিরের প্রাধান্য। তবে অল্প কিছু পদ পাবে

জোট সমর্থক প্রভাবশালী শিক্ষ
আত্মীয়-স্বজন। ম্যাটেরিয়ালস স
বিভাগে শিক্ষক সমিতির সা
সম্পাদকের স্ত্রী নিয়োগ পাবেন বলে
জানিয়েছে। মাত্র তিন সপ্তাহ আগে
বিভাগে বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করা
একজন শিক্ষক নিয়োগ দেয়া হলেও
শুধু দলীয় কারণে চারটি পদ বিজ্ঞাপিত